



প্রথম আলো

প্রথম আলো, ১১-১০-২০২৩

হেনরি ডুনাণ্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতায় রানার-আপ ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

প্রথম আলো ডেস্ক

আপডেট : ১১ অক্টোবর ২০২৩, ০৭ : ২৬ ৩



ছবি : সবেল গিলজি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ১৪তম হেনরি ডুনাণ্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতা বাংলাদেশ জাতীয় পর্যায়ে রানার-আপ হয়েছে। এ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়।

আন্তর্জাতিক রেড-ক্রস কমিটি ও ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (আইইউপি) যৌথ আয়োজনে ৫ থেকে ৭ অক্টোবর আইইউপি ক্যাম্পাসে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক সবেদন বিজয়ীতে এসব তথ্য জানানো হয়েছে।



ছবি : সবেল গিলজি

প্রতিযোগিতায় দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৩০টি দল অংশ নেয়। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় থেকে আর কে এম রবিন আহমেদ, তনাজিলা ইসলাম ও সায়মা হক প্রতিযোগিতায় অংশ নেন। তাঁদের সঙ্গে কোর্ট হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের জ্যেষ্ঠ প্রভাষক নাদিয়া রহমান।

প্রতিযোগিতার ফাইনাল পরে বিচারক হিসেবে ছিলেন হাইকোর্টের বিচারপতি নাইমা হায়দার, বিচারপতি শিভির আহমেদ চৌধুরী ও ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মুহাম্মদ সাজ্জাদ সিদ্দিক।



ছবি : সবেল গিলজি

উল্লেখ্য, প্রতিবছর দুটি শীর্ষ দল হেনরি ডুনাণ্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতার আন্তর্জাতিক রাউন্ডে অংশগ্রহণের যোগ্যতা অর্জন করে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন এই অর্জনের জন্য সংশ্লিষ্টদের অভিনন্দন জানিয়েছেন।